

প্রকাশিত সংবাদ সম্পর্কে
শিক্ষা মন্ত্রণালয়ের প্রতিবাদ

৪ঠা নভেম্বর 'সংবাদ'-এ প্রকাশিত শিক্ষা মন্ত্রণালয়ের অনিয়মের কারণে কুমিল্লা জেইন অফ কমার্স ভেঙ্গে পড়েছে' শীর্ষক বিবরণীর প্রতিবাদ করে শিক্ষা মন্ত্রণালয়। মন্ত্রণালয়ের উপ-সচিব সইকৃত প্রতিবন্ধিত্বপূর্ণ লেখা হয়েছে, 'প্রকাশিত সংবাদের প্রতি সরকারের দৃষ্টি আকর্ষণ হয়েছে। এই সংবাদে জুনিয়র কর্মকর্তারা কনিষ্ঠদের নির্দেশ মেনে না ও বদলি পদোন্নতি, ছুটি ইত্যাদি নগদ মূল্য ছাড়া মঞ্জুর করা হয় না বলে যে তথ্য প্রকাশিত হয়েছে সেটা সঠিক নয় এবং বিভ্রান্তিকর।

বাস্তব অবস্থা হচ্ছে শিক্ষা মন্ত্রণালয়ে বিভিন্ন শ্রেণীর কর্মকর্তারা পারস্পরিক সহযোগিতার জিহ্বিতে যোগ্য কর্মীদের নির্দেশ অনুযায়ী দায়িত্ব সম্পাদন করে যাচ্ছেন। ফলে বর্তমান সরকারের মেয়াদ তরুর পর এ পর্যন্ত ৪ দফায় ৮৮' ৪৬ জন কলেজ শিক্ষককে (প্রত্যেক থেকে অধ্যাপক পর্যন্ত) উচ্চতর পদে পদোন্নতি দেয়া হয়েছে। ফলে এক্ষেত্রে সুনীতি বা অসঙ্গতির অবকাশ নেই। শিক্ষা কার্যক্রমে সুবিধতা সম্পর্কে প্রকাশিত সংবাদেরও সম্পূর্ণ জিহ্বীন।

শিক্ষা মন্ত্রণালয়ের কোন কর্মকর্তা অর্থ ছাড়া কাজ, ছুটি বা পদোন্নতি হবে না বলে কোন শিক্ষক বা অন্য কারও কাছে উক্তি করেননি। শিক্ষা মন্ত্রণালয়ে অনিয়ম ও বিশৃঙ্খল পরিস্থিতি বিরাজমান থাকার বিষয়েও কোন কর্মকর্তা মন্তব্য করেননি।

শিক্ষা মন্ত্রণালয় কিংবা তার অধীনস্থ দপ্তর এবং কুমিল্লা ও কলেজে জেইন অফ কমার্স ভেঙেছে বলে যে মন্তব্য করা হয়েছে তাও সঠিক নয়।